গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, সিলেট
www.companiganj.sylhet.gov.bd

স্মারক নং:০৫.৪৬.৯১০০.০০১.০১.০৪৩.২৫.১০৮৫

তারিখ: ০২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

## দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, কোম্পানীগঞ্জ, সিলেট কর্তৃক গত ৩০-০৭-২০২৬ তারিখ কোম্পানীগঞ্জ উপজেলার তেলিখাল ও ইসলামপুর পশ্চিম ইউনিয়নের আওতাধীন পিয়াইন নদীর দুই পাড়ের বিভিন্ন স্থানে টাস্কফোর্স অভিযান পরিচালনা করা হয়। অভিযান পরিচালনাকালে কোম্পানীগঞ্জ উপজেলার পিয়াইন নদীর দুই পাড়ে স্তুপিকৃত (বুড়িডহর, লামনীগাঁও, কাঠাঁলবাড়ী ও শিমুলতলা আদর্শ গুচ্ছগ্রাম) বিভিন্ন স্থানে আনুমানিক ৬৯,৪৭,০০০ (উনসত্তর লক্ষ সাতচল্লিশ হাজার) ঘনফুট বালু জব্দ করা হয়। জব্দকৃত বালু লট আকারে বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সিলগালাযুক্ত মুখবন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

২। (ক) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে প্রতিটি লটের জন্য ১০,০০০/-(দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ জমা প্রদান করে আবেদন ফরম ক্রয় করা যাবে;

(খ) নির্ধারিত সময়সূচি অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয় (রাজস্ব শাখা), সিলেট ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট-এ আবেদন ফরম ক্রয় ও দাখিল করা যাবে;

(গ) নির্ধারিত সময়সূচি অনুযায়ী উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্রসমূহ উন্মুক্ত করা হবে এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে;

(ঘ) দরপত্র দাখিলের সময় ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত ছায়ালিপি, ট্রেড লাইসেন্সের (যদি থাকে) ছায়ালিপি ও প্রস্তাবিত দরের ২০% জামানত বাবদ 'উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট' এর অনুকূলে যে-কোনো তফশিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অবশ্যই দাখিল করতে হবে;

(ঙ) জব্দকৃত বালু যেখানে যে অবস্থায় আছে তা সরেজমিনে দেখে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে কোন আপত্তি গ্রহণযোগ্য বিবেচিত হবে না;

(চ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়া দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন;

(ছ) বিজ্ঞপ্তিটি জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েসাইটে পাওয়া যাবে।

আবেদন ফরম ক্রয়, দাখিল ও দরপত্র বক্স খোলার সময়সূচি:

| পর্যায় | আবেদন ফরম ক্রয়ের তারিখ | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | আবেদন ফরম খোলার স্থান, তারিখ ও সময় | আবেদন ফরম প্রাপ্তি/দাখিলের স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ম | ২৪-০৮-২০২৬ থেকে ২৫-০৮-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ২৫-০৮-২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ২৫-০৮-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ,সিলেট | ১। জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, সিলেট ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কোম্পানীগঞ্জ, সিলেট | -- |
| ২য় | ৩১-০৮-২০২৬ থেকে ০১-০৯-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ০১-০৯-২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ০১-০৯-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ,সিলেট | ১। জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, সিলেট ২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট | ১ম পর্যায়ে অবিক্রিত লটসমূহের জন্য |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩য় | ০৭-০৯-২০২৬ থেকে ০৮-০৯-২০২৬ (অফিস সময়সূচি ও দরপত্র দাখিলের সময়সীমার মধ্যে) | ০৮-০৯-২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ১:০০ ঘটিকা পর্যন্ত | ০৮-০৯-২০২৬ তারিখ মঙ্গলবার বিকাল ৩:০০ ঘটিকা জেলা প্রশাসকের কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট | ১। জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, সিলেট<br>২। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, সিলেট | ২য় পর্যায়ে অবিক্রিত লটসমূহের জন্য |

<u>বালুর স্টকের লট নং, পরিমাণ ও সম্ভাব্য সরকারি মূল্য</u>

| বালুর স্টক নং | বালুর পরিমাণ | সম্ভাব্য সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | ৮০০০০ ঘনফুট | ৫,৬৬,৪০০/- টাকা | ১ থেকে ২০ নং স্টক লট নং ১ হিসেবে বিবেচিত হবে (শিমুলতলা আদর্শ গুচ্ছগ্রাম ও কাঠাঁলবাড়ী গ্রামে বালুসমূহ স্তুপিকৃত আকারে রয়েছে)। |
| ২ | ৫০০০০ ঘনফুট | ৩,৫৪,০০০/- টাকা | |
| ৩ | ২০০০০০ ঘনফুট | ১৪,১৬,০০০/- টাকা | |
| ৪ | ৩০০০০০ ঘনফুট | ২১,২৪,০০০/- টাকা | |
| ৫ | ১৯০০০০ ঘনফুট | ১৩,৪৫,২০০/- টাকা | |
| ৬ | ১৯০০০০ ঘনফুট | ১৩,৪৫,২০০/- টাকা | |
| ৭ | ১৮০০০০ ঘনফুট | ১২,৭৪,৪০০/- টাকা | |
| ৮ | ৮০০০০ ঘনফুট | ৫,৬৬,৪০০/- টাকা | |
| ৯ | ১৮০০০০ ঘনফুট | ১২,৭৪,৪০০/- টাকা | |
| ১০ | ৮০০০০ ঘনফুট | ৫,৬৬,৪০০/- টাকা | |
| ১১ | ১০০০০০ ঘনফুট | ৭,০৮,০০০/- টাকা | |
| ১২ | ১৮৫০০০ ঘনফুট | ১৩,০৯,৮০০/- টাকা | |
| ১৩ | ৯০০০০ ঘনফুট | ৬,৩৭,২০০/- টাকা | |
| ১৪ | ১৩০০০০ ঘনফুট | ৯,২০,৪০০/- টাকা | |
| ১৫ | ১৮০০০০ ঘনফুট | ১২,৭৪,৪০০/- টাকা | |
| ১৬ | ৩০০০০০ ঘনফুট | ২১,২৪,০০০/- টাকা | |
| ১৭ | ৮৫০০০ ঘনফুট | ৬,০১,৮০০/- টাকা | |
| ১৮ | ৮০০০০ ঘনফুট | ৫,৬৬,৪০০/- টাকা | |
| ১৯ | ১৭০০০০ ঘনফুট | ১২,০৩,৬০০/- টাকা | |
| ২০ | ৭০০০০ ঘনফুট | ৪,৯৫,৬০০/- টাকা | |
| ২১ | ৭০০০ ঘনফুট | ৪৯,৫৬০/- টাকা | ২১ থেকে ৫৬ নং স্টক লট নং ২ হিসেবে বিবেচিত হবে (বুড়িডহর ও লামনীগাঁও গ্রামে বালুসমূহ স্তুপিকৃত আকারে রয়েছে)। |
| ২২ | ৮০০০০ ঘনফুট | ৫,৬৬,৪০০/- টাকা | |
| ২৩ | ৪০০০০ ঘনফুট | ২,৮৩,২০০/- টাকা | |
| ২৪ | ৪০০০০ ঘনফুট | ২,৮৩,২০০/- টাকা | |
| ২৫ | ৭০০০০ ঘনফুট | ৪,৯৫,৬০০/- টাকা | |
| ২৬ | ৯৫০০০ ঘনফুট | ৬,৭২,৬০০/- টাকা | |
| ২৭ | ১০০০০০ ঘনফুট | ৭,০৮,০০০/- টাকা | |
| ২৮ | ৪০০০০ ঘনফুট | ২,৮৩,২০০/- টাকা | |
| ২৯ | ৭০০০০ ঘনফুট | ৪,৯৫,৬০০/- টাকা | |
| ৩০ | ৬০০০০ ঘনফুট | ৪,২৪,৮০০/- টাকা | |
| ৩১ | ৭০০০০ ঘনফুট | ৪,৯৫,৬০০/- টাকা | |
| ৩২ | ৯০০০০ ঘনফুট | ৬,৩৭,২০০/- টাকা | |
| ৩৩ | ১৩০০০০ ঘনফুট | ৯,২০,৪০০/- টাকা | |
| ৩৪ | ১৩০০০০ ঘনফুট | ৯,২০,৪০০/- টাকা | |
| ৩৫ | ১৪৫০০০ ঘনফুট | ৯,৫৫,৮০০/- টাকা | |

| বালুর স্টক নং | বালুর পরিমাণ | সম্ভাব্য সরকারি মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ৩৬ | ১২০০০০ ঘনফুট | ৮,৪৯,৬০০/- টাকা | |
| ৩৭ | ১৩০০০০ ঘনফুট | ৯,২০,৪০০/- টাকা | |
| ৩৮ | ৯৫০০০ ঘনফুট | ৬,৭২,৬০০/- টাকা | |
| ৩৯ | ৯৫০০০ ঘনফুট | ৬,৭২,৬০০/- টাকা | |
| ৪০ | ১৩৫০০০ ঘনফুট | ৯,৫৫,৮০০/- টাকা | |
| ৪১ | ১১০০০০ ঘনফুট | ৭,৭৮,৮০০/- টাকা | |
| ৪২ | ১৩৫০০০ ঘনফুট | ৯,৫৫,৮০০/- টাকা | |
| ৪৩ | ১৬০০০০ ঘনফুট | ১১,৩২,৮০০/- টাকা | |
| ৪৪ | ১৬০০০০ ঘনফুট | ১১,৩২,৮০০/- টাকা | |
| ৪৫ | ২৯৫০০০ ঘনফুট | ২০,৮৮,৬০০/- টাকা | |
| ৪৬ | ১৩০০০০ ঘনফুট | ৯,২০,৪০০/- টাকা | |
| ৪৭ | ১৬০০০০ ঘনফুট | ১১,৩২,৮০০/- টাকা | |
| ৪৮ | ২১০০০০ ঘনফুট | ১৪,৮৬,৮০০/- টাকা | |
| ৪৯ | ১৬০০০০ ঘনফুট | ১১,৩২,৮০০/- টাকা | |
| ৫০ | ১৬০০০০ ঘনফুট | ১১,৩২,৮০০/- টাকা | |
| ৫১ | ১১০০০০ ঘনফুট | ৭,৭৮,৮০০/- টাকা | |
| ৫২ | ১২০০০০ ঘনফুট | ৮,৪৯,৬০০/- টাকা | |
| ৫৩ | ১৩০০০০ ঘনফুট | ৯,২০,৪০০/- টাকা | |
| ৫৪ | ১৬৫০০০ ঘনফুট | ১১,৬৮,২০০/- টাকা | |
| ৫৫ | ৫০০০০ ঘনফুট | ৩,৫৪,০০০/- টাকা | |
| ৫৬ | ৩০০০০ ঘনফুট | ২,১২,৪০০/- টাকা | |

অন্যান্য শর্তাবলী

১। সিলগালাযুক্ত মুখবন্ধ খামের উপরে লট নং লিখে দরপত্র দাখিল করতে হবে;

২। সম্ভাব্য সরকারি মূল্যের কম মূল্যে কোন দর প্রস্তাব করা যাবে না;

৩। সর্বোচ্চ দরদাতা কার্যাদেশ প্রাপ্তির পর অবশ্যই দরপত্রে প্রস্তাবিত মূল্য, ১৫% ভ্যাট ও ১০% আয়কর ও অন্যান্য করাদি (যদি থাকে) যথাযথ কোডে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;

৪। কোনো কারণে সর্বোচ্চ দরদাতা কার্যাদেশে উল্লিখিত সমুদয় মূল্য যথাসময়ে পরিশোধে ব্যর্থ হলে তার কার্যাদেশ বাতিল করে দরপত্রের সাথে জামানত বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে;

৫। সর্বোচ্চ দরদাতা যথাসময়ে কার্যাদেশে উল্লিখিত মূল্য পরিশোধে ব্যর্থ হলে কর্তৃপক্ষ পুনরায় দরপত্র আহ্বান বা যে-কোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন;

৬। দরপত্রে অকৃতকার্য দরদাতার জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার যথাসময়ে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে;

৭। দরপত্রে কাঙ্ক্ষিত সম্ভাব্য সরকারি মূল্য পাওয়া না গেলে কর্তৃপক্ষ পুনরায় দরপত্র আহ্বানের ব্যবস্থা গ্রহণ করতে পারবেন;

৮। জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্দিষ্ট তারিখের মধ্যে বালু অপসারণের পর সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট এর প্রতিবেদন সাপেক্ষে অবমুক্তক্রমে ফেরত প্রদান করা হবে। অন্যথায় জামানতের টাকা সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে;

৯। জব্দকৃত বালুর কার্যাদেশ প্রদানের পর থেকে অপসারণের পূর্ব পর্যন্ত দরপত্র গ্রহীতা কর্তৃক স্টকে নতুন বালু জমা করা হলে তার বিরুদ্ধে ফৌজদারি কার্যবিধি অনুযায়ী যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

১০। জব্দকৃত বালুর কার্যাদেশ প্রাপ্তির পর কর্তৃপক্ষ কর্তৃক বালুর পরিমাণ বিবেচনায় অপসারণের সময়

নির্ধারণ করে দেয়া হবে। উক্ত সময়ের মধ্যে বালু অপসারণ করতে হবে। পরবর্তীতে বালু অপসারণের জন্য মেয়াদ বর্ধিতের কোন আবেদন করা যাবে না;

১১। সর্বোচ্চ মূল্যদাতা একাধিক হলে লটারির মাধ্যমে সর্বোচ্চ মূল্যদাতা নির্ধারণ করা হবে।

মোহাম্মদ রবিন মিয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট
মোবাইল : ০১৭৩০-৩৩১০৩৩

স্মারক নং:০৫.৪৬.৯১০০.০০১.০১.০৪৩.২৫.১০৮৫/১(৪০)

তারিখ : ০২ ভাদ্র ১৪৩৩
১৭ আগস্ট ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য :

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ;

২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, সিলেট (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);

৩। জেলা প্রশাসক, সিলেট;

৪। পুলিশ সুপার, সিলেট;

৫। পরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);

৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/সড়ক ও জনপথ/গণপূর্ত অধিদপ্তর, সিলেট (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);

৭। উপজেলা নির্বাহী অফিসার ...................(সকল), সিলেট (বিজ্ঞপ্তিটি উপজেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);

৮। সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, সিলেট;

৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইট ও ফেসবুকে প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);

১০। অফিসার ইনচার্জ, কোম্পানীগঞ্জ থানা;

১১। উপজেলা ..............................অফিসার, কোম্পানীগঞ্জ, সিলেট;

১২। অফিস নথি।

উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, সিলেট